

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.tmed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১০.২০১৬-২৮২

তারিখঃ ০৮ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইনস্ট্রাক্টর (সিভিল) জনাব আবু জাহের বিগত ২৭/০৬/২০০৯ খ্রি. তারিখ হতে অদ্যাবধি (৬০ দিনের অধিক) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এহেন অননুমোদিত অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী ‘ডিজারশন’ এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে তার বরাবর প্রেরণ করা হয়। অতঃপর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অজারিকৃত অবস্থায় ফেরত আসে। রুজুকৃত বিভাগীয় মোকদ্দমটি সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী ধারাবাহিক কার্যক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তা জনাব সুবোধ চন্দ্র ঢালী, প্রাক্তন উপসচিব (কারিগরি-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বিগত ০৯/১২/২০১৮ খ্রি. তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে জনাব আবু জাহের এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩ (সি) অনুযায়ী ‘ডিজারশন’ এর অভিযোগ প্রমাণিত হয়েছে।

০৩। এ পর্যায়ে গুরুদণ্ড প্রদানের লক্ষে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি ৯ মোতাবেক গুরুদণ্ডের আওতায় কেন তাকে বিগত ২৭/০৬/২০০৯ খ্রি. তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ গত ১৭ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ এবং দেওয়ানি কার্যবিধি ১৯০৮ অনুযায়ী গত ২৫ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে ‘দৈনিক যুগান্তর’ ও ২৭ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে ‘The Daily Star’ পত্রিকায় এবং ১৩ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইটে প্রকাশ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে জনাব আবু জাহের এ বিষয়ে কোন জবাব দাখিল বা যোগাযোগ করেননি।

০৪। রুজুকৃত বিভাগীয় মোকদ্দমার ধারাবাহিক কার্যক্রমে বর্ণিত বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় জনাব আবু জাহের কে বিগত ২৭/০৬/২০০৯ খ্রি. তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)” করার বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ গ্রহণ করা হয়। কমিশন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী অভিযুক্ত জনাব আবু জাহের কে “চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)” করার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করে।

০৫। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত এবং তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব আবু জাহের এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এবং বিধি ৩৩ এর উপবিধি (গ) অনুযায়ী ‘পলায়ন’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় বিগত ২৭/০৬/২০০৯ খ্রি. তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)” করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৬। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইনস্ট্রাক্টর (সিভিল) জনাব আবু জাহের কে বিগত ২৭/০৬/২০০৯ খ্রি. তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (dismissal from service)” করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আলমগীর)
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১০.২০১৬- ২৮২(৮)


তারিখঃ ১৫ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- (১) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- (২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

(জনাব আবু জাহের এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।

- (৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- (৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৬) অধ্যক্ষ, কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট, কুমিল্লা।
- (৭) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৮) জনাব



(মোঃ আব্দুর রহিম)
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬

sastec1@tmed.gov.bd